## কেস স্টাডি/ সাফল্যগাথা :

-০১-




রেজি নংঃ-২০৮৪
রোগীর নামঃ তাসকিয়া আলম রিপা
রোগের ধরণঃ সি,পি
পিতার নামঃ ময়সর আলম
মাতার নামঃ লুৎফা বেগম
ঠিকানা: সোনাতলা, সাদিপুর, হাজী এলাইচ মিয়া বাড়ী, সিলেট
মোবাইল নংঃ০১৭২৩-৩৬৬১৭৩, ০১৭১২-০৪৫৩৩৭

সাদিপুর সিলেটের বাসিন্দা ময়সর আলম ও লুৎফা বেগম এর কনিষ্ঠ সন্তান তাসকিয়া আলম রিপা। ২০১১ সালের ১লা নভেম্বর রিপার জন্ম। জন্মের পরপর বাবা- মা কেউই বুঝতে পারেননি তাদের আদরের সন্তান আর দশটা শিশুর মতো স্বাভাবিক নয়। কিছুটা সময় অতিবাহিত হলে তারা বুজতে পারেন রিপা স্বাভাবিকভাবে বেড়ে উঠছে না। মেয়েকে নিয়ে চরম উৎকন্ঠা ও উদ্বেগ নিয়ে বাবা- মা ছুটতে থাকেন বিভিন্ন চিকিৎসাকেন্দ্রে চিকিৎসকদের কাছে। ।একসময় উন্নত চিকিৎসার আশায় তারা মেয়েকে নিয়ে ঢাকা সি আর পিতে যান। ঢাকা সি আর পিতে ১৪ দিনের একটা কোর্স করে তারা সিলেটে ফেরত আসেন। মেয়েটির বয়স যখন ৪বছর হয়ে গেলো কিন্তু এখনো বসতেই পারেনা, কিভাবে কাটবে তার সারাটা জীবন এ মানসিক যন্ত্রণায় পরিবারের সবাই অস্থির হয়ে পড়েন।একদিন ঢাকা সি আর পি থেকে দিয়ে দেওয়া একটি বইয়ের শেষের দিকে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, তালতলা, সিলেটের ঠিকানা পেয়ে মেয়েকে নিয়ে ছুটে আসেন। ২৯ নভেম্বর ২০১৫ হতে ওই কেন্দ্রে শুরু হয় রিপার থেরাপিউটিক চিকিৎসা ও অন্যান্য পরিচর্যা। নিয়মিত সেবা নিয়ে রিপা এখন রীতিমত চলাফেরা করতে পারছে একটু একটু কথাও বলছে। কেন্দ্রের কনসালট্যান্ট ডাঃ নীলিমা আহম্মেদ জানিয়েছেন আরও কিছুদিন নিয়মিত চিকিৎসা চালিয়ে গেলে রিপা ধীরে ধীরে সুস্থ ও স্বাভাবিক হয়ে উঠবে। মেয়ের অবস্থার ক্রমশ উন্নতিতে সরকারের প্রতি, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের প্রতি কৃতজ্ঞতার কথা জানান তার অভিভাবক। বাড়ির কাছে বিনামূল্যে সেবা নিতে এরকম অসুস্থ শিশুদের পরিবারকে নিয়মিত উৎসাহিত করছেন তারা।